**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) গত তিনটি অর্থবছরে প্রসাদ প্রকল্পে পর্যটন মন্ত্রক রাজ্যে পর্যটন উন্নয়নের লক্ষ্যে মোট ২৫ কোটি ২৬ লক্ষ ৯১ হাজার টাকা প্রদান করেছে ।**

**(২) সারা দেশের সঙ্গে রাজ্যেও শিক্ষক দিবস যথাযথ মর্যাদায় উদযাপিত ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন গত ১০ বছরে ভারতের সৌর শক্তির ক্ষমতা ৩২ গুণ বেড়েছে এবং এই গতি এবং মাত্রা ভারতকে ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগা ওয়াট অজীবাশ্ম ক্ষমতা অর্জনে সহায়তা করবে।**

**(৪) শ্রীলঙ্কায় অনুষ্ঠিত কমনওয়েলথ দাবা প্রতিযোগিতায় অনূর্ধ্ব ১৪ বছরের বিভাগে অর্শিয়া দাস ও অনূর্ধ্ব ১০ বছরের বিভাগে আরাধ্যা দাস চ্যাম্পিয়ন হয়েছে।**

**********************************************

**Assembly-Tourism :**

গত তিনটি অর্থবছরে প্রসাদ প্রকল্পে পর্যটন মন্ত্রক রাজ্যে পর্যটন উন্নয়নের লক্ষ্যে মোট ২৫ কোটি ২৬ লক্ষ ৯১ হাজার টাকা প্রদান করেছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক নয়ন সরকারের লিখিত প্রশ্নের উত্তরে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা জানান। তিনি জানান, প্রাপ্ত অর্থ দিয়ে উদয়পুরের মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরকে একটি আধ্যাত্মিক পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে পরিকাঠামো নির্মাণের কাজ এগিয়ে চলছে।

তিনি জানান, রাজ্যে নতুন নতুন পর্যটন কেন্দ্র গড়ে তোলার লক্ষ্যে ইতিমধ্যে কমলপুর মহকুমার সুরমাছড়া ওয়াটারফলস পর্যটন কেন্দ্রের কাজ প্রায় শেষ পর্যায়ে। দক্ষিণ ত্রিপুরার আভাংছড়াস্থিত শহীদ ধনঞ্জয় স্মৃতি উদ্যান (জোলাইবাড়ি), চোত্তাখলাস্থিত ভারত-বাংলা মৈত্রী উদ্যান এবং বক্সনগর বৌদ্ধস্তূপ পর্যটন কেন্দ্র উন্নয়নের কাজ এগিয়ে চলছে। রাজ্যের পর্যটন পরিকাঠামোর বিকাশে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের মাধ্যমে ছবিমুড়া, কৈলাসহরের সোনামুখী এলাকা, চতুর্দশ দেবতা মন্দির এবং কসবা কালীমন্দির চত্বরে পর্যটন পরিকাঠামো উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে।

পর্যটনমন্ত্রী আরও জানান, পুষ্পবন্ত প্রাসাদ ও দরবার হলকে মহারাজা বীরেন্দ্র কিশোর মাণিক্য মিউজিয়াম ও কালচারাল সেন্টারে উন্নীত করার লক্ষ্যে কাজ শুরু হয়েছে। ডম্বুর জলাশয়ের জন্য অত্যাধুনিক হাউস বোট ক্রয় করার উদ্যোগ নেওয়া হয়েছে। নর্থ ইস্ট স্পেশাল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট স্কিম প্রকল্পে উদয়পুরের অমরসাগরের উন্নয়নের জন্য ৪০ কোটি এবং ছবিমুড়ায় ১৫টি মনুমেন্ট উন্নতির জন্য ২৫ কোটি টাকার একটি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে।

*****************************

**Teacher' Day-National :**

শিক্ষাবিদ এবং প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণনের জন্মদিনটি আজ সারা দেশে শিক্ষক দিবস হিসেবে পালিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লির বিজ্ঞান ভবনে ৮২জন শিক্ষককে জাতীয় পুরস্কার প্রদান করেছেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, যেকোনো শিক্ষাব্যবস্থার সাফল্যে শিক্ষকদের ভূমিকা সবচেয়ে বেশি। শিক্ষকতা শুধু একটি কাজ নয়। এটি মানব উন্নয়নের একটি পবিত্র মিশন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শিক্ষক দিবস উপলক্ষে সমস্ত শিক্ষকদের শুভেচ্ছা জানিয়েছেন।

রাষ্ট্রপতি ভবনে আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর হাত থেকে জাতীয় শিক্ষক সম্মাননা পুরস্কার গ্রহণ করলেন রাজ্যের শিক্ষক ডঃ ননীগোপাল দেবনাথ। তিনি বলেন,

##########Byte##########

*******************************

**State Level Teachers Day :**

রাজ্যে আজ যথাযোগ্য মর্যাদায় ৬৩তম শিক্ষক দিবস উদযাপন করা হয়ে। এ উপলক্ষে আগরতলার টাউনহলে রাজ্যভিত্তিক শিক্ষক দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা। অনুষ্ঠানে তিনি বলেন সর্বপল্লী ড. রাধাকৃষ্ণানের মতো একজন মহান ব্যক্তির জীবন ও আদর্শকে পাথেয় করে শিক্ষক সমাজকে এগিয়ে যেতে হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। অনুষ্ঠানে বিশিষ্ট শিক্ষাবিদ ড. হরেকৃষ্ণ আচার্যকে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সম্মান, বিশিষ্ট সমাজসেবী দীপক ভট্টাচার্যকে মহারাণী তুলসীবতী সম্মান এবং শিক্ষাবিদ বন্দনা চৌধুরী বর্মণকে ড. শ্যামাপ্রসাদ মুখার্জি সম্মান ২০২৪ পুরস্কারে ভূষিত করা হয়। এছাড়াও রাজ্যের ৩৪ জন শিক্ষক শিক্ষিকাকে শিক্ষক সম্মাননা ২০২৪ পুরস্কার প্রদান করা হয়। বর্ষসেরা মহাবিদ্যালয়ের সম্মাননা দেওয়া হয় আগরতলা মহিলা মহাবিদ্যালয় ও এডিসির খুমুলুঙস্থিত পলিটেকনিক মহাবিদ্যালয়কে।

রাজ্যের ১৪টি বিদ্যালয়কেও শ্রেষ্ঠ বিদ্যালয়ের পুরস্কার দেওয়া হয়। মিশন ৫৫৫ রূপায়ণের জন্য জেলাভিত্তিক শ্রেষ্ঠ পুরস্কার দেওয়া হয় ৮টি বিদ্যালয়কে।

*******************************

**M.P-Kumarghat :**

লোকসভার সাংসদ কৃতি দেবী দেববর্মণ আজ সকালে ঊনকোটি জেলার কুমারঘাটের দারচৈ খ্রীষ্টিয়ান দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে আয়োজিত ৬৩তম শিক্ষক দিবস অনুষ্ঠানের সূচনা করেন। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যৎ গড়ার কাজে ব্রতী শিক্ষকরা। সামাজিক ক্ষেত্রে শিক্ষকদের যথেষ্ট মর্যাদা রয়েছে বলে তিনি মন্তব্য করেন। আজকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, A.D.C সদস্য ধীরেন্দ্র দেববর্মা, কুমারঘাটের S.D.M এন,এস,চাকমা প্রমুখ।

****************************

**Teacher's Day-Sepahijala :**

সিপাহীজলা জেলাতেও আজ যথাযোগ্য মর্যাদায় শিক্ষক দিবস উদযাপন করা হয়। নলছড় ব্লকভিত্তিক শিক্ষক দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করেন পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন স্বপন কুমার দাস। সোনামুড়া কবি নজরুল মহাবিদ্যালয়ের অধ্যাপিকা তুহিনা মন্ডল মল্লিক শিক্ষক দিবসে তাৎপর্য ব্যাখ্যা করেন। অনুষ্ঠানে ব্লক এলাকার ১৬ জন অবসরপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাকে সংবর্ধনা জানানো হয়।

*************************

**Teacher’s Day-Bani Bidyapith :**

শিক্ষক দিবস উপলক্ষ্যে আজ আগরতলার বাণী বিদ্যাপীঠ স্কুলে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। এই স্কুলের বিজ্ঞান শিক্ষক তথা বিধান শিশু উদ্যান মেধা অন্বেষার রাজ্য কনভেনার মনোজ রায় উদ্যোগে বিদ্যালেয়ের প্রবেশ পথে বৃক্ষরোপন করা হয়। উপস্থিত ছিলেন সংস্থার সদস্যা তথা শিক্ষিকা মৌমিতা মজুমদার, স্বপ্না দাসগুপ্ত ও রাজ্য গ্রামীন কৃষি ও সমবায় ব্যাংক এর ভাইস চেয়ারপার্সন পূর্নিমা রায় প্রমুখ। শিক্ষক দিবসের কর্মসূচির অঙ্গ হিসাবে বন্যা দুর্গত ছাত্রছাত্রীদের হাতে বিধান শিশু উদ্যান মেধা অন্বেষার পক্ষ থেকে খাদ্য সামগ্রী তুলে দেয়া হয়। তাছাড়া

ক্ষুদিরাম বসু ইংরেজি মাধ্যম বিদ্যালয়েও এই সংস্থার উদ্যোগে বৃক্ষরোপন করা হয়।

***************************

**Teacher's Day :**

খোয়াই, গোমতি ও উত্তর জেলায়ও আজ যথাযথ মর্যাদায় শিক্ষক দিবস উদযাপন করা হয়। খোয়াই-এ পুরাতন টাউন হলে মহকুমাভিত্তিক শিক্ষক দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা।

উদয়পুর টাউন হলে শিক্ষক দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন রামকৃষ্ণ মিশন আগরতলা বিবেকনগরের মহারাজ স্বামী ভক্তি সুধানন্দ মহারাজ।

অনুষ্ঠানে সদ্য অবসর প্রাপ্ত ৬৩ জন শিক্ষক-শিক্ষিকাদের "শিক্ষক সন্মাননা" প্রদান করা হয়। উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার।

উত্তর জেলার কালাছড়া, যুবরাজনগর এবং কদমতলা ব্লকের বিদ্যালয় পরিদর্শক কার্যালয়ের উদ্যোগে ধর্মনগরের বিবেকানন্দ সার্ধ শত বার্ষিকী ভবনে শিক্ষক দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ।

**********************

**PM JANMAN-North :**

উত্তর জেলার দামছড়া ব্লকের অধীন খেদাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে প্রধানমন্ত্রী জনজাতি আধিবাসী ন্যায় মহা অভিযান কর্মসূচির (PM JANMAN) অধীনে একদিনের প্রশাসনিক শিবির আজ অনুষ্ঠিত হয়। দামছড়া ব্লক আয়োজিত এই শিবিরে উপস্থিত ছিলেন ডেপুটি কালেক্টর দিবাকর জমাতিয়া, দামছড়া ব্লকের আধিকারিকগণ। শিবিরে বিভিন্ন সরকারি দপ্তর যেমন সমাজ

কল্যাণ, স্বাস্থ্য, কৃষি, বন, এবং বিদ্যুৎ সহ অন্যান্য দপ্তরের পক্ষ থেকে পরিষেবা প্রদান করা হয়। জনজাতি অধ্যুষিত এই অঞ্চলে এই ধরনের প্রশাসনিক উদ্যোগের শিবির করার জন্য স্থানীয় জনগণ প্রধানমন্ত্রী ও প্রশাসনের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

****************************

**PM,Solar :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন গত ১০ বছরে ভারতের সৌর শক্তির ক্ষমতা ৩২ গুণ বেড়েছে এবং এই গতি এবং মাত্রা ভারতকে ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগা ওয়াট অজীবাশ্ম ক্ষমতা অর্জনে সহায়তা করবে।

আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে দিল্লিতে অনুষ্ঠিত দু'দিনব্যাপী প্রথম আন্তর্জাতিক সৌর উৎসবের প্রথম দিনে ভাষণ দিচ্ছিলেন প্রধানমন্ত্রী। তিনি বলেন যে ভারত গত কয়েক বছরে সবুজ শক্তিতে অনেক বড় পদক্ষেপ নিয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, বেদের সবচেয়ে জনপ্রিয় মন্ত্রগুলির মধ্যে একটি হল সূর্য মন্ত্র এবং আজও, লক্ষ লক্ষ ভারতীয় প্রতিদিন এটি জপ করেন।

প্রধানমন্ত্রী বলেন যে আন্তর্জাতিক সৌর উৎসব সূর্যের প্রভাব উদযাপন করতে সমগ্র বিশ্বকে একত্রিত করে একটি ভাল গ্রহ তৈরিতে সহায়তা করবে। অনুষ্ঠানে, কেন্দ্রীয় নতুন এবং পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রী প্রহ্লাদ জোশী একটি সৌর-চালিত ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়ার জন্য ঐক্যবদ্ধ প্রচেষ্টার উপর গুরুত্ব আরোপ করেন।

****************************

**Assembly-Industry :**

আজ রাজ্য বিধানসভায় বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরীর এক প্রশ্নের উত্তরে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা জানান, রাজ্যের সমস্ত জেলায় শিল্পাঞ্চল স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি জানান, রাজ্যের শিক্ষিত বেকার যুবক যুবতীদের স্বনির্ভর করে তোলার লক্ষ্যে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে ব্যাঙ্ক থেকে অনুদান প্রদান করা হচ্ছে। এছাড়াও রাজ্য সরকারের নিজস্ব স্বাবলম্বন প্রকল্পের মাধ্যমে প্রতি বছর অনেক বেকার যুবক যুবতীদের ব্যাঙ্কের মাধ্যমে অনুদান প্রদান করা হচ্ছে। একই সঙ্গে শিল্প ও বাণিজ্য দপ্তরের ত্রিপুরা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের মাধ্যমে শিল্প স্থাপনে ইচ্ছুক ব্যক্তিদের রাজ্যের বিভিন্ন শিল্পাঞ্চলগুলিতে প্রয়োজনীয় জমি ও শেড প্রদান করা হয়ে থাকে। তিনি জানান, এডিনগর শিল্পাঞ্চলে মহিলা এবং স্বসহায়ক দলগুলির জন্য ২৪টি নতুন ক্ষুদ্র শিল্প শেড এবং ২৮টি মার্কেট স্টল তৈরি করা হয়েছে। এছাড়াও ক্ষুদ্র শিল্প উদ্যোগীদের শিল্প স্থাপনের ক্ষেত্রে সাহায্যের জন্য বোধজংনগরে ১২টি এবং আর.কে.নগর শিল্পাঞ্চলে ২৮টি লো কস্ট শেড তৈরি করা হয়েছে।

******************************

**DISHA Meeting-KAILASHAHAR :**

কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে আজ দুপুরে জেলা উন্নয়ন, সমন্বয় ও মনিটরিং কমিটি তথা দিশা কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভানেত্রী ছিলেন, পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের সাংসদ কৃতি দেবী দেববর্মণ। আজকের বৈঠকে ভারত সরকারের MGNREGA, প্রধানমন্ত্রী আবাস যোজনা, স্বচ্ছ ভারত মিশন, পি,এম-জনমন, প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, আয়ুষ্মান ভারত ইত্যাদি কেন্দ্রীয় প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা ও মতবিনিময় করা হয়। বৈঠকে ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক এল,

দারলং সহ জেলা পর্যায়ের আধিকারিকরা ও পুর, পঞ্চায়েত ও B.A.C'র জনপ্রতিনিধিরা অংশ নেন।

*************************

**Relief :**

"দুর্গতদের পাশে আমরা", এই বার্তা নিয়ে ত্রিপুরা রবীন্দ্র পরিষদ এবং বিলোনীয়া রবীন্দ্র পরিষদের যৌথ উদ্যোগে আজ বিলোনীয়া মহকুমার বিভিন্ন বন্যা পীড়িত এলাকায় ত্রানসামগ্রী বিতরণ করা হয়। মেরন টিলা, কলাবাড়ীয়া বাজার শেড, জীরতলী, পুরাতন বিমানবন্দর স্থিত পূর্ব কলাবাড়ীয়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ত্রান সামগ্রী বন্টন করা হয়। মনুরমুখের দক্ষিন পাড়া এবং উত্তরপাড়ার বন্যা পীড়িত দুর্গতদের মধ্যেও ত্রান সামগ্রী বিতরণ করা হয়। এই কর্মসূচীতে পরিষদের সহ:সভাপতি সুবাস দাস, সহ:সম্পাদক স্বপন মজুমদার, রঘুনাথ সরকার, দীনেশ দেবনাথ, নিলোৎপল সরকার এবং বিলোনীয়া পরিষদের সম্পাদক গোপাল চন্দ্র দাস, সহ সম্পাদক অভিজিৎ চৌধুরি এবং রবীন্দ্র সংগীত শিল্পী প্রভাষ চক্রবর্তী উপস্থিত ছিলেন। পূর্ব কলাবাড়ীয়া বিদ্যালয়ের প্রধানশিক্ষক অরুণ দাস এবং জীরতলী এলাকার বিশ্বজিৎ দাস উক্ত কার্যসূচীতে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন।

****************************

**BJP-Press Meet :**

দিল্লিতে গতকাল এন এল এফটি, এটিটিএফ, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষরিত হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাকে অভিনন্দন জানিয়েছে ত্রিপুরা প্রদেশ বিজেপি। আজ দলের সদর কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে মুখপাত্র সুব্রত চক্রবর্তী বলেন এই চুক্তির ফলে রাজ্যে শান্তিশৃঙ্খলা বজায় থাকবে।

*****************************

**Swachh Bharat :**

সরকারের অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প স্বচ্ছ ভারত মিশন, SBM দেশে শিশুমৃত্যু কমাতে সাহায্য করেছে। একটি গবেষণা জার্নালে প্রকাশিত সমীক্ষায় জানা যায়, ২০১৪ থেকে ২০২০ সাল পর্যন্ত সরকার ১০০ মিলিয়নেরও বেশি পরিবারের শৌচালয় নির্মাণ করেছে। এছাড়াও বলা হয় যে ২০০৩ সালে দেশের বেশিরভাগ জেলায় প্রতি ১০০০ জীবিত জন্মের জন্য শিশুমৃত্যুর হার (IMR) ৬০-এর বেশি ছিল। তবে ২০২০সালের মধ্যে, বেশিরভাগ জেলায় এই হার ৩০এর নিচে নেমেছে।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সামাজিক মাধ্যমে এই গবেষণাটি শেয়ার করে বলেছেন যে সঠিক শৌচালয় শিশু মৃত্যুহার কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি আরো বলেন যে পরিষ্কার এবং নিরাপদ স্বাস্থ্যবিধি জনস্বাস্থ্যের জন্য একটি গেম-চেঞ্জার হয়ে উঠেছে, এবং ভারত এতে নেতৃত্ব দে'য়ায় তিনি আনন্দ প্রকাশ করেন।

*****************************

**Assembly-Kailashar Airport :**

বিধানসভায় আজ পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, কৈলাসহর বিমানবন্দর পুনরায় চালু করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যে সার্ভে করা হয় তাতে বর্তমান বিমানবন্দরের দক্ষিণ ও উত্তর উভয়দিকে জমি অধিগ্রহণ করতে হবে। এসব জমি অধিগ্রহণে প্রয়োজন ৪০০ কোটি টাকা। বিধায়ক বীরজিৎ সিনহার এক প্রশ্নের উত্তরে পরিবহন মন্ত্রী এতথ্য জানান। তিনি জানান, উড়ান প্রকল্পে কৈলাসহর বিমানবন্দরে ৭৬ আসনের বদলে ২০ আসনের বিমান চালানোর প্রস্তাব রয়েছে। ইতিমধ্যে রাজ্য সরকারের পক্ষ থেকে বিমানবন্দরের পুরানো এটিসি ভবন ২ কোটি ৪৮ লক্ষ টাকা খরচে সংস্কার করে দেওয়া হয়েছে।

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরীর অপর এক প্রশ্নের জবাবে পরিবহন মন্ত্রী জানান, আগরতলার এম বি বি বিমানবন্দরকে

আন্তর্জাতিক বিমানবন্দর হিসাবে স্বীকৃতি দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব দেওয়া রয়েছে।

***************************

**Chess :**

শ্রীলঙ্কায় অনুষ্ঠিত কমনওয়েলথ দাবা প্রতিযোগিতায় দেশের হয়ে অংশ নিয়ে অনূর্ধ্ব ১৪ বছরের বিভাগে অর্শিয়া দাস ও অনূর্ধ্ব ১০ বছরের বিভাগে আরাধ্যা দাস চ্যাম্পিয়ন হয়েছে। ফলে দুই বিভাগেই রাজ্যের দুই দাবাড়ু স্বর্ণ পদক পায়। অর্শিয়া শেষ রাউন্ডে জয় ছিনিয়ে সাত রাউন্ডে খেলায় সাড়ে ছয় পয়েন্ট এবং আরাধ্যা ৯ রাউন্ডে সাড়ে আট পয়েন্ট নিয়ে অপরাজিত ভাবে খেতাব দখল করে।

***********************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালের খেলায় এগিয়ে চলো সংঘ ১-০ গোলে রামকৃষ্ণ ক্লাবকে পরাজিত করে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম এবং ধলাই জেলার দু এক জায়গায় ভারী বর্ষণের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি অন্য সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ও সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস। আজ দুপুর

আড়াইটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে উনত্রিশ দশমিক চার মিলিমিটার।

************************